সংবাদ

তারিখ 27 DEC 2016
পৃষ্ঠা ... কলাম ...

# রাজশাহীতে প্রাথমিক বৃত্তি জালিয়াতির ঘটনায় ব্যবস্থা নেয়ার আশ্বাস

**প্রতিনিধি, রাজশাহী**

রাজশাহীতে প্রাথমিক সমাপনী পরীক্ষায় জালিয়াতির ঘটনায় ব্যবস্থা নেয়ার আশ্বাস দিয়েছেন প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সদস্য সাংসদ অ্যাডভোকেট আবুল কালাম আজাদ। রোববার, সুশিক্ষা আন্দোলন মঞ্চের পক্ষ থেকে তাকে স্মারকলিপির অনুলিপি প্রদানকালে তিনি এই আশ্বাস দেন।

রোববার একটি অনুষ্ঠানে অংশ নিতে রাজশাহী আসেন সংসদ সদস্য আবুল কালাম আজাদ। সুশিক্ষা আন্দোল মঞ্চের আহ্বায়ক ফারুক হোসেন ও অন্যান্য সদস্যরা এ সময় তার সঙ্গে দেখা করে স্মারকলিপি প্রদান করেন। স্মারকলিপি গ্রহণ করে সংসদ সদস্য আবুল কালাম আজাদ জড়িতদের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণ এবং সংশোধিত ফলাফল প্রকাশের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার আশ্বাস দেন।

এর আগে গত ২২ ডিসেম্বর সুশিক্ষা আন্দোলন মঞ্চের পক্ষ থেকে রাজশাহী জেলা প্রশাসকের মাধ্যমে প্রধানমন্ত্রী বরাবর স্মারকলিপি দেয়া হয়। স্মারকলিপিতে জালিয়াতির আশ্রয় নিয়ে প্রকাশিত ২০১৫ সালের প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষার ফল বাতিল করে সংশোধিত ফল প্রকাশ এবং ঘটনার সঙ্গে জড়িত ব্যক্তিদের শাস্তির দাবি জানো হয়।

সুশিক্ষা আন্দোলন মঞ্চ এর আহ্বায়ক ফারুক হোসেন বলেন, স্মারকলিপি পেয়ে সংসদ সদস্য আবুল কালাম আজাদ ঢাকায় গিয়ে এ বিষয়ে ব্যবস্থা নেয়ার আশ্বাস দেন। তিনি বলেন, অতিরিক্ত সচিব কিংবা যুগ্ম-সচিবকে ম্যানেজ করে জালিয়াতির ঘটনায় পার পাওয়া যাবে না।

অভিভাবকদের কাছ থেকে অভিযোগের পরিপ্রেক্ষিতে গত ২২ জুন রাজশাহীতে পঞ্চম শ্রেণীর বৃত্তির ফল জালিয়াতি শিরোনামে সংবাদপত্রে একটি প্রতিবেদন প্রকাশিত হয়। এরপর জুলাই মাসে রাজশাহীতে এসে বিষয়ে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের উপপরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) সাইফুল ইসলাম তদন্ত করেন। তিনি গত ১৭ জুলাই মহাপরিচালকের কাছে এই তদন্ত প্রতিবেদন দাখিল করেছেন। এই প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে সম্প্রতি তিনজন কর্মকর্তা ও কর্মচারীদের নামে বিভাগীয় মামলা হয়েছে। কিন্তু সংশোধিত ফলাফল প্রকাশের ব্যাপারে কর্তৃপক্ষের কোনো উদ্যোগ লক্ষ্য করা যাচ্ছে না। এ জন্য রাজশাহীতে অভিভাবকেরা সুশিক্ষা আন্দোলন মঞ্চের ব্যানারে আন্দোলন শুরু করেছেন। গত ১৯ নভেম্বর একই দাবিতে তারা রাজশাহীতে মানববন্ধন করেন এবং ২৯ নভেম্বর রাজশাহী জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা কার্যালয়ের সামনে প্রতীকী অবস্থান কর্মসূচি পালন করেন।